রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৩ সনের ১৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২০, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৬৯—২৭৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৮৫—৪০০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৫—১১২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪০৫—৪১৫ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৭ পৌষ, ১৪২৯ ব./০১ জানুয়ারি, ২০২৩ খ্রি.

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-০৪**—Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972)-এর Article 9(3)(c) অনুযায়ী জনাব এ, কে, এম আফতাব উল ইসলাম, এফসিএ-কে বাংলাদেশ ব্যাংক-এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর নিয়োগের চলতি মেয়াদ সমাপনান্তে আরো ৩(তিন) বছর মেয়াদে পুনঃনিয়োগ প্রদান করা হ'ল।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-০৩**—Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972)-এর Article 9(3)(c) অনুযায়ী জনাব নজরুল হুদা বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর-কে বাংলাদেশ ব্যাংক-এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর নিয়োগের চলতি মেয়াদ সমাপনান্তে আরো ৩(তিন) বছর মেয়াদে পুনঃনিয়োগ প্রদান করা হ'ল।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফরিদা ইয়াসমিন**

উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে]**

**বাণিজ্যিক ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ/০৩ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১২.২২.০০২.১৯-৩**—রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ/পদোন্নতি ও পদায়নের জন্য নিম্নরূপভাবে একটি নীতিমালা জারি করা হলো :

১। **শিরোনাম:** এ নীতিমালা "রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ, পদোন্নতি ও পদায়ন নীতিমালা-২০২৩" নামে অভিহিত হবে।

২। **প্রযোজ্যতা:** এ নীতিমালা রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ, পদোন্নতি ও পদায়নের জন্য প্রযোজ্য হবে।

৩। **রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও পদে নিয়োগের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি:**

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহে ব্যবস্থাপনা পরিচালক ও সিইও পদে চুক্তিভিত্তিক নিয়োগ ও পদায়ন সম্পন্ন করা হবে।

(খ) রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও পদে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, ও আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ব্যবস্থাপনা পরিচালকদের মধ্যে থেকে বাছাইয়ের মাধ্যমে অথবা উপব্যবস্থাপনা পরিচালকদের মধ্য থেকে পদোন্নতির মাধ্যমে সর্বোচ্চ ৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে।

(গ) চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্টদের চাকরির জ্যেষ্ঠতা, চাকরির অভিজ্ঞতা, পেশাগত দক্ষতা, অতীত কর্মকাণ্ড, সততা, সুনাম, ইত্যাদি যাচাইয়ান্তে বাংলাদেশ ব্যাংকের সময়ে সময়ে জারীকৃত পরিপত্র অনুসরণ করে মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে গঠিত বাছাই কমিটি কর্তৃক সুপারিশ প্রণয়ন করা হবে।

(ঘ) মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে গঠিত বাছাই কমিটির সুপারিশ ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে ব্যবস্থাপনা পরিচালক ও সিইও পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

(ঙ) **পদোন্নতির নিমিত্ত বাছাই কমিটি:**

রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির নিমিত্ত উপযুক্ত প্রার্থী বাছাইকরণের জন্য নিম্নরূপ কমিটি গঠিত **হবে:**

| | | |
|---|---|---|
| (১) | অর্থমন্ত্রী | চেয়ারম্যান |
| (২) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৪) | সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৫) | সিনিয়র সচিব/সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৬) | অতিরিক্ত সচিব (ব্যাংক প্রশাসন)/ যুগ্মসচিব (বাণিজ্যিক ব্যাংক), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

৪। **বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগ পদ্ধতি:**

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির মাধ্যমে অথবা আন্তঃব্যাংক বদলি ও পদায়ন করা হবে।

(খ) পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে নিয়মিতভাবে পদোন্নতি প্রাপ্ত হয়ে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত উপব্যবস্থাপনা পরিচালকগণ-কে বিবেচনা করা হবে।

(গ) বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালকগণকে মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে আন্তঃব্যাংক বদলির মাধ্যমে পদায়ন করা যাবে।

(ঘ) মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে গঠিত বাছাই কমিটি উপব্যবস্থাপনা পরিচালকদের মধ্য হতে জ্যেষ্ঠতা, চাকরির অভিজ্ঞতা, পেশাগত দক্ষতা, অতীত কর্মকাণ্ড, সততা, সুনাম ইত্যাদি যাচাইঅন্তে বাংলাদেশ ব্যাংকের সময়ে সময়ে জারীকৃত পরিপত্র অনুসরণপূর্বক ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির সুপারিশ করবে।

(ঙ) মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে গঠিত বাছাই কমিটির সুপারিশ ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

(চ) **পদোন্নতির নিমিত্ত বাছাই কমিটিঃ**

বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির নিমিত্ত উপযুক্ত প্রার্থী বাছাইকরণের জন্য নিম্নরূপ কমিটি গঠিত হবে:

| | |
|---|---|
| (১) অর্থমন্ত্রী | চেয়ারম্যান |
| (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৪) সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৫) সিনিয়র সচিব/ সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৬) অতিরিক্ত সচিব (ব্যাংক প্রশাসন)/ যুগ্মসচিব (বাণিজ্যিক ব্যাংক), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

৫। **উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি:**

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন করা হবে।

(খ) রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, ও আর্থিক প্রতিষ্ঠানে মহাব্যবস্থাপক হিসেবে অন্যুন ০২ (দুই) বছর এবং ৯ম গ্রেড হতে ন্যূনতম ২০ (বিশ) বছরের কর্ম অভিজ্ঞতা সম্পন্নদেরকে পদোন্নতির জন্য বিবেচনা করা হবে। তবে কর্ম অভিজ্ঞতাসম্পন্নদেরকে কোনো উচ্চতর পদে সরাসরি নিয়োগ করা হলে, তাদের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত পদ হতে পদোন্নতির জন্য প্রয়োজনীয় অভিজ্ঞতা গণনা থাকতে হবে। সে ক্ষেত্রে উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির যোগ্যতা অর্জনে প্রিন্সিপাল অফিসার (পিও) পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ১৪ বছর, সিনিয়র প্রিন্সিপাল অফিসার (এসপিও) পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ১১ বছর, সহকারী মহাব্যবস্থাপক (এজিএম) পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ৮ বছর কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে গঠিত বাছাই কমিটি মহাব্যবস্থাপকগণের মধ্য হতে জ্যেষ্ঠতা, চাকরির অভিজ্ঞতা, পেশাগত দক্ষতা, অতীত কর্মকান্ড, সততা, সুনাম ইত্যাদি যাচাইয়ান্তে বাংলাদেশ ব্যাংকের সময় সময় জারীকৃত পরিপত্র ও বাছাই পদ্ধতি অনুসরণপূর্বক প্রার্থী বাছাই করে মেধাক্রম অনুসারে পদোন্নতির জন্য সুপারিশ করে প্যানেল প্রস্তুতপূর্বক সরকারের নিকট পেশ করবে। বাছাই কমিটির সুপারিশ ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির প্যানেল চূড়ান্ত করা হবে। চূড়ান্ত অনুমোদিত প্যানেল হতে পর্যায়ক্রমে পদোন্নতি কার্যকর করে আন্তঃব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে বদলি ও পদায়ন মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে সম্পন্ন হবে।

(ঘ) বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি, নিয়োগ, পদায়ন ও আন্তঃ ব্যাংক বদলি বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে জনস্বার্থে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সমূহের উপব্যবস্থাপনা পরিচালকদের মধ্যে হতে বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপব্যবস্থাপনা পরিচালক পদে প্রেষণে পদায়ন ও আন্তঃ ব্যাংক বদলি করা যাবে।

(ঙ) **পদোন্নতির নিমিত্ত বাছাই কমিটি:**

রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির নিমিত্ত উপযুক্ত প্রার্থী বাছাই করণের জন্য নিম্নরূপ কমিটি গঠিত হবেঃ

| | |
|---|---|
| (১) অর্থমন্ত্রী | চেয়ারম্যান |
| (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৪) সিনিয়র সচিব/ সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৫) সিনিয়র সচিব/ সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৬) অতিরিক্ত সচিব (ব্যাংক প্রশাসন)/ যুগ্মসচিব (বাণিজ্যিক ব্যাংক), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

(চ) **পদোন্নতির নিমিত্ত যাচাই পদ্ধতি:**

(১) বাছাই কমিটি জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী মহাব্যবস্থাপকগণের সাক্ষাতকার গ্রহণ করবে;

(২) পদোন্নতিযোগ্য প্রার্থীগণের শিক্ষাগতযোগ্যতা, চাকরি কাল, ব্যাংকিং ডিপ্লোমা, পেশাগত ডিগ্রী, পেশাগত প্রকাশনা, চাকরির রেকর্ড, বার্ষিক গোপনীয় অনুবেদন ও সাক্ষাতকারসহ সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রার্থীগণের সার্বিক মূল্যায়ন করবে। উক্ত ১০০ (একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন (Break-up) নিম্নরূপ হবেঃ

**নম্বর বিভাজন**

| | | | |
|---|---|---|---|
| ১. | শিক্ষাগত যোগ্যতা | ঃ | ১৫ |
| ২. | ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে চাকরিকাল | ঃ | ০৫ |
| ৩. | ব্যাংকিং ডিপ্লোমা | ঃ | ০৫ |
| ৪. | পেশাগত ডিগ্রি | ঃ | ০৫ |
| ৫. | পেশাগত প্রকাশনা ( দেশে-বিদেশে কোন স্বীকৃত জার্নালে প্রকাশিত লেখা) | ঃ | ০৫ |
| ৬. | চাকরির রেকর্ড (চাকরি কালীন সময়ে শৃঙ্খলা, ফৌজদারী এবং অডিট আপত্তি সংক্রান্ত তথ্য এ ক্ষেত্রে বিবেচনা করা হবে) | ঃ | ১০ |
| ৭. | এসিআর | ঃ | ৪০ |
| ৮. | সাক্ষাতকার গ্রহণ | ঃ | ১৫ |
| | **মোট =** | | **১০০ নম্বর** |

**(১) শিক্ষাগত যোগ্যতা**

| | নম্বর বিভাজন | ১৫ নম্বর |
|---|---|---|
| (ক) স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী | | |
| ১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৪ | |
| ২) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৩ | |
| ৩) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ২ | |
| (খ) স্নাতক বা সমমানের ডিগ্রী (সম্মান) | | |
| ১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৫ | |
| ২) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৪ | |
| ৩) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ২ | |
| অথবা, স্নাতক (পাশ) বা সমমানের ডিগ্রি | | |
| ১) প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএ | ৪.৫ | |
| ২) দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ | ৩.৫ | |
| ৩) তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ | ২ | |
| (গ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি | | |
| ১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ | ৩ | |
| ২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ২ | |
| ৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ১ | |
| (ঘ) মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি | | |
| ১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ | ৩ | |
| ২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ২ | |
| ৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ১ | |

| | | |
|---|---|---|
| **(২) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চাকরিকাল** | | **০৫ নম্বর** |
| (ক) উপমহাব্যবস্থাপক পদে (প্রতি বছরের জন্য ০.৫০ নম্বর) | (সর্বোচ্চ) ০২ | |
| (খ) মহাব্যবস্থাপক পদে (প্রতি বছরের জন্য ১.০ নম্বর) | (সর্বোচ্চ) ০৩ | |
| **(৩) ব্যাংকিং ডিপ্লোমা**<br>প্রথম ও দ্বিতীয় পর্ব (DAIBB) | | **০৫ নম্বর** |
| (৪) **পেশাগত ডিগ্রি** (CA/ICMA/ACCA/MBM (BIBM)/CPA/DBA/ CCNA/CISA) | | ০৫ নম্বর |
| (৫) **পেশাগত প্রকাশনা (**দেশে বিদেশে কোনো স্বীকৃত জার্নালে প্রকাশিত পেশাগত লেখা ও পুস্তক প্রকাশনা)<br>(প্রতি প্রকাশনার জন্য **১** নম্বর) | (সর্বোচ্চ) ০৫ | **০৫ নম্বর** |
| (৬) **চাকরির রেকর্ড** (চাকরিকালীন সময়ে শৃঙ্খলা, ফৌজদারী এবং অডিট আপত্তি সংক্রান্ত তথ্য এ ক্ষেত্রে বিবেচনা করা হবে) | | **১০ নম্বর** |
| (৭) **বার্ষিক গোপনীয় অনুবেদন (বিগত ৫ বছরের এসিআর বিবেচনা করা হবে)** | | **৪০ নম্বর** |
| (৮) **সাক্ষাতকার** | | **১৫ নম্বর** |
| | **মোট=** | **১০০ নম্বর** |

৬। **মহাব্যবস্থাপক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি:**

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান সমূহের মহাব্যবস্থাপক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন করা হবে।

(খ) রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, ও আর্থিক প্রতিষ্ঠানে উপমহাব্যবস্থাপক হিসেবে অন্যূন ০৩ (তিন) বছর এবং ৯ম গ্রেড হতে ন্যূনতম ১৮ (আঠার) বছরের কর্ম অভিজ্ঞতা সম্পন্নদেরকে পদোন্নতির জন্য বিবেচনা করা হবে। তবে কর্ম অভিজ্ঞতা সম্পন্নদেরকে কোনো উচ্চতর পদে সরাসরি নিয়োগ করা হলে, তাদের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত পদ হতে পদোন্নতির জন্য প্রয়োজনীয় অভিজ্ঞতা গণনা থাকতে হবে। সেক্ষেত্রে মহাব্যবস্থাপক পদে পদোন্নতির যোগ্যতা অর্জনে প্রিন্সিপাল অফিসার (পিও) পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ১২ বছর, সিনিয়র প্রিন্সিপাল অফিসার (এসপিও) পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ৯ বছর, সহকারী মহাব্যবস্থাপক (এজিএম) পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ৬ বছর কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) গভর্নর বাংলাদেশ ব্যাংক এর নেতৃত্বে গঠিত বাছাই কমিটি উপমহাব্যবস্থাপকগণের মধ্য হতে জ্যেষ্ঠতা, চাকরির অভিজ্ঞতা, পেশাগত দক্ষতা, অতীত কর্মকান্ড, সততা, সুনাম ইত্যাদি যাচাইয়ান্তে বাংলাদেশ ব্যাংকের সময়ে সময়ে জারীকৃত পরিপত্র ও বাছাই পদ্ধতি অনুসরণপূর্বক প্রার্থী বাছাই করে মেধাক্রম অনুসারে পদোন্নতির জন্য সুপারিশ করে প্যানেল প্রস্তুতপূর্বক সরকারের নিকট পেশ করবে। বাছাই কমিটির সুপারিশ ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্যানেল চূড়ান্ত করা হবে। চূড়ান্ত অনুমোদিত প্যানেল হতে পর্যায়ক্রমে পদোন্নতি কার্যকর করে আন্তঃব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে বদলি ও পদায়ন মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে সম্পন্ন হবে।

(ঘ) বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের মহাব্যবস্থাপক পদে পদোন্নতি, নিয়োগ, পদায়ন ও আন্তঃব্যাংক বদলি বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে জনস্বার্থে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের মহাব্যবস্থাপকদের মধ্য হতে রাষ্ট্রায়ত্ত বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মহাব্যবস্থাপক পদে প্রেষণে পদায়ন ও আন্তঃব্যাংক বিভাগে বদলি করা যাবে।

**(ঙ) পদোন্নতির নিমিত্ত বাছাই কমিটি:**

রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের মহাব্যবস্থাপক পদে পদোন্নতির নিমিত্ত উপযুক্ত প্রার্থী বাছাইকরণের জন্য নিম্নরূপ কমিটি গঠিত হবেঃ-

| | |
|---|---|
| (১) গভর্নর বাংলাদেশ ব্যাংক | চেয়ারম্যান |
| (২) সিনিয়র সচিব/সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৩) নির্বাহী পরিচালক, বিআরপিডি, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৪) অতিরিক্ত সচিব (ব্যাংক প্রশাসন)/ যুগ্ম-সচিব (বাণিজ্যিক ব্যাংক),আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

(চ) **পদোন্নতির নিমিত্ত বাছাই পদ্ধতিঃ**

মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য সুপারিশ প্রণয়নের নিমিত্ত প্রার্থী বাছাইকল্পে কমিটি নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করবেঃ—

(১) বাছাই কমিটি জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী উপমহাব্যবস্থাপকগণের সাক্ষাতকার গ্রহণ করবে;

(২) পদোন্নতিযোগ্য প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা, চাকরিকাল, ব্যাংকিং ডিপ্লোমা, পেশাগত ডিগ্রি, পেশাগত প্রকাশনা, চাকরির রেকর্ড, বার্ষিক গোপনীয় অনুবেদন, ও সাক্ষাতকারসহ সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রার্থীগণের সার্বিক মূল্যায়ন করবে। উক্ত ১০০ (একশত) নম্বরের বিষয়ভিত্তিক বিভাজন (Break-up) নিম্নরূপ হবেঃ

<u>নম্বর বিভাজন</u>

| | | | |
|---|---|---|---|
| (১) | শিক্ষাগত যোগ্যতা | : | ১৫ |
| (২) | ব্যাংক /আর্থিক প্রতিষ্ঠানে চাকরিকাল | : | ০৫ |
| (৩) | ব্যাংকিং ডিপ্লোমা | : | ০৫ |
| (৪) | পেশাগত ডিগ্রি | : | ০৫ |
| (৫) | পেশাগত প্রকাশনা (দেশে-বিদেশে কোনো স্বীকৃত জার্নালে প্রকাশিত লেখা) | : | ০৫ |
| (৬) | চাকরির রেকর্ড (চাকরিকালীন সময়ে শৃঙ্খলা, ফৌজদারী এবং অডিট আপত্তি সংক্রান্ত তথ্য এ ক্ষেত্রে বিবেচনা করা হবে) | : | ১০ |
| (৭) | এসিআর | : | ৪০ |
| (৮) | সাক্ষাতকার গ্রহণ | : | ১৫ |
| | মোট নম্বর | = | ১০০ |

**১৫ নম্বর**

| | নম্বর বিভাজন |
|---|---|
| **(১) শিক্ষাগত যোগ্যতা** | |
| (ক) স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী | |
| (১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৪ |
| (২) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৩ |
| (৩) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ২ |
| (খ) স্নাতক বা সমমানের ডিগ্রী (সম্মান) | |
| (১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৫ |
| (২) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৪ |
| (৩) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ২ |
| অথবা, স্নাতক (পাশ) বা সমমানের ডিগ্রি | |
| (১) প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএ | ৪.৫ |
| (২) দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ | ৩.৫ |
| (৩) তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ | ২ |
| (গ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি | |
| (১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ | ৩ |
| (২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ২ |
| (৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ১ |
| (ঘ) মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি | |
| (১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ | ৩ |
| (২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ২ |
| (৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ১ |

| | | |
|---|---|---|
| (২) | ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে চাকরিকাল | ০৫ নম্বর |
| | (ক) সহকারী মহাব্যবস্থাপক পদে (প্রতি বছরের জন্য ০.৫০ নম্বর)(সর্বোচ্চ) ০২ | |
| | (খ) উপমহাব্যবস্থাপক পদে (প্রতি বছরের জন্য ১.০ নম্বর) (সর্বোচ্চ) ০৩ | |
| (৩) | **ব্যাংকি ডিপ্লোমা** | **০৫ নম্বর** |
| | প্রথম ও দ্বিতীয় পর্ব (DAIBB) | |
| (৪) | **পেশাগত ডিগ্রি (CA/ICMA/ACCA/MBM (BIBM)/CPA/DBA/ CCNA/CISA)** | **০৫ নম্বর** |
| (৫) | **পেশাগত প্রকাশনা (**দেশে বিদেশে কোনো স্বীকৃত জার্নালে প্রকাশিত পেশাগত লেখা ও পুস্তক প্রকাশনা)<br>(প্রতি প্রকাশনার জন্য ১ নম্বর) (সর্বোচ্চ) ০৫ | **০৫ নম্বর** |
| (৬) | চাকরির রেকর্ড (চাকরিকালীন সময়ে শৃঙ্খলা, ফৌজদারী এবং অডিট আপত্তি সংক্রান্ত তথ্য এ ক্ষেত্রে বিবেচনা করা হবে) | **১০ নম্বর** |
| (৭) | বার্ষিক গোপনীয় অনুবেদন (বিগত ৫ বছরের এসিআর বিবেচনা করা হবে) | **৪০ নম্বর** |
| (৮) | সাক্ষাতকার | **১৫ নম্বর** |
| | মোট= | <u>১০০ নম্বর</u> |

**নিয়োগের শর্তাবলি**

৭। **বেতন ও ভাতাদি:** সরকার ঘোষিত জাতীয় বেতন স্কেল অনুযায়ী বিধিমালায় উল্লিখিত গ্রেড অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

৮। **ছুটি:** মূল ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান (যে ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানে উপমহাব্যবস্থাপক হিসেবে কর্মরত ছিলেন) এর চাকরির প্রবিধানমালা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মচারীগণের যাবতীয় ছুটি নির্ধারিত হবে।

৯। **পেনশন/গ্রাচুইটি, লিভ স্যালারী ও ভবিষ্য তহবিল:**

(ক) কর্মরত ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানের বিধি মোতাবেক অথবা প্রযোজ্য ক্ষেত্রে, কর্মচারী নিয়োগ/চুক্তিপত্র অনুযায়ী উক্ত আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন। এ উদ্দেশ্যে চাকরির মেয়াদকাল প্রথম নিয়োগের দিন হতে গণনা করা হবে।

(খ) সংশ্লিষ্ট কর্মচারীর আবেদন অনুযায়ী কর্মরত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান অথবা তাঁর মূল ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান তাঁর পিআরএলকালীন বেতন-ভাতা ও ল্যাম্পগ্রান্টসহ প্রাপ্য সকল অবসর সুবিধাদি সম্পূর্ণ প্রদান করবে।

(গ) অবসর প্রদানকারী প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য যে সমস্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে তিনি কাজ করেছেন, সে সমস্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পরবর্তিতে আনুপাতিক হারে উক্ত অর্থ, অবসর সংক্রান্ত সুবিধাদি প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে পরিশোধ করবে।

১০। **গোষ্ঠীবীমা ও অন্যান্য কল্যাণমূলক স্কীমের সুবিধাদি:** কোনো কর্মচারী চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে মৃত্যুকালে যে ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন, সে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে নিয়ম অনুযায়ী উক্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

১১। **উৎসাহ বোনাস:** কোনো ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের কর্মচারীদেরকে কোনো আর্থিক বছরের বোনাস প্রদান করা হলে, সে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক এবং মহাব্যবস্থাপকও সে বোনাস প্রাপ্য হবেন। তিনি যদি কোনো আর্থিক বছরের একাধিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কাজ করে থাকেন তবে তিনি যে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন, আনুপাতিক হারে সে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে উক্ত বোনাস গ্রহণ করবেন।

১২। **আবাসিক সুবিধা:** ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব বাড়ি না থাকলে বা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে আবাসিক গৃহ/বাসা বরাদ্দ না করা হলে নিয়মানুযায়ী নির্ধারিত হারে বাড়ি ভাড়া প্রদান করা হবে।

১৩। **গাড়ি সুবিধা:** ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকগণ প্রচলিত নিয়ম অনুযায়ী ভাড়া কর্তন সাপেক্ষে সার্বক্ষণিকভাবে জ্বালানি এবং চালকসহ ১ (এক) টি করে গাড়ি ব্যবহারের সুবিধা পাবেন। প্রেষণে নিয়োগের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা পূর্বের গাড়ী ক্রয় বাবদ ঋণ করে থাকলে তাঁর প্রাপ্য গাড়ী রক্ষণাবেক্ষণ ভাতা ঋণ প্রদানকারী ব্যাংক হতে পাপ্য হবেন।

১৪। **জ্যেষ্ঠতা:**

(ক) সংশ্লিষ্ঠ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত মহাব্যবস্থাপক, উপব্যবস্থাপনা পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদে তাঁদের নিয়মিতভাবে পদোন্নতি প্রদানের তারিখ হতে গণনা করা হবে।

(খ) কোনো কর্মচারীর পদোন্নতি প্রক্রিয়াধীন থাকাকালীন তিনি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বৈদেশিক নিয়োগ, বিদেশে প্রশিক্ষণ, লিয়েনে কর্মরত থাকা ইত্যাদি কারণে অন্যত্র অবস্থান করলে তাঁর পদোন্নতির বিষয়টিও সংশ্লিষ্ট কমিটি/বোর্ড কর্তৃক বিবেচনা করা হবে। তবে, তিনি সংশ্লিষ্ট কমিটি কর্তৃক পদোন্নতির জন্য উপযুক্ত বিবেচিত হলে, তাঁর পদোন্নতি প্রদান সাময়িকভাবে স্থগিত থাকবে। পরবর্তীতে তিনি বৈদেশিক চাকরি, বিদেশে প্রশিক্ষণ, লিয়েন ইত্যাদির জন্যে নির্ধারিত মেয়াদ শেষে চাকরিতে প্রত্যাবর্তন করলে জ্যেষ্ঠতাসহ তাঁর পদোন্নতি কার্যকর করা হবে।

(গ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংশ্লিষ্ট কর্মচারীগণের পদভিত্তিক জ্যেষ্ঠতা তালিকা সংরক্ষণ করবে এবং সময়ে সময়ে তা সংশ্লিষ্ট ব্যাংক /প্রতিষ্ঠান ও কর্মচারীগণের অবগতির জন্য প্রকাশ করবে।

(ঘ) সংশ্লিষ্ট কর্মচারীদের জ্যেষ্ঠত্বের যে সকল বিষয় এই অনুচ্ছেদে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি, সে সকল বিষয়ে সরকারকর্তৃক সময়ে সময়ে প্রণীত/জারীকৃত নির্দেশনা অনুসরণ করা হবে।

১৫। **আচরণ ও শৃঙ্খলাজনিত কার্যধারা:** আচরণ ও শৃঙ্খলাজনিত বিষয়ে সংশ্লিষ্ট কর্মচারীগণ সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ ও সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হবেন।

১৬। **পদত্যাগ:** "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮" এর আওতায় বা আদালতে কোনো মামলা মূলতবী না থাকলে বা সরকার এবং সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট কোনো আর্থিক দায়-দেনা না থাকলে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, ৩ (তিন) মাসের নোটিশ প্রদান অথবা ১ (এক) মাসের বেতনের সমপরিমাণ অর্থ সমর্পণপূর্বক কোনো ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক স্ব স্ব চাকরি হতে পদত্যাগ করতে পারবেন।

১৭। **চাকরি হতে অব্যাহতি:** কোনো কর্মচারীকে চাকরি হতে অব্যাহতি প্রদানের ক্ষেত্রে "সরকারি চাকরি আইন, ২০১৮" কার্যকর হবে। তবে চুক্তিভিত্তিক নিয়োজিত কোনো কর্মচারীর ক্ষেত্রে চুক্তিতে বর্ণিত অনুরূপ শর্তাবলি প্রযোজ্য হবে।

১৮। **অবসর গ্রহণ:** অবসর গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীগণ "সরকারি চাকরি আইন,২০১৮" দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে।

১৯। এ নিয়োগ পদ্ধতি ও নিয়োগের শর্তাবলিতে যে সকল বিষয় সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি, সে সকল বিষয়ে সংশ্লিষ্ট কর্মচারীগণ সরকারি কর্মচারীদের জন্য প্রযোজ্য বিধানাবলি দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে।

২০। রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মহাব্যবস্থাপক ও তদুর্ধ্ব পদে নিয়োগ/ পদোন্নতি ও পদায়ন বিষয়ে এ সংক্রান্ত ইত:পূর্বে জারীকৃত সকল নীতিমালা এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

২১। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**(শেখ মোহাম্মদ সলীম উল্লাহ)**
সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অধিশাখা-৩ (শুল্ক)**

**আদেশ**

তারিখ: ১১ পৌষ ১৪২৯/ ২৬ ডিসেম্বর ২০২২

**নং ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৪৯.১৭-১৪৮**—যেহেতু মুর্শিদা খাতুন (পরিচিতি নম্বর: ৩০০৩৭০), সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা ইতোপূর্বে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, মোহাম্মদপুর-এ দায়িত্বে থাকাকালীন মেসার্স সাবিহা কর্পোরেশন, বাড়ি নং-৩৭৭, রোড-৬, বাইতুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকাসহ আরো কতিপয় প্রতিষ্ঠানের BIN (Business Identification Number) কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে লক করেন; এ বিষয়ে কমিশনার কর্তৃক চাহিত ব্যাখ্যায় মেসার্স সাবিহা কর্পোরেশন বরাবর ব্যাকডেটে জারীকৃত কারণ দর্শানো নোটিশসমূহ সংলগ্নী হিসেবে উপস্থাপন করেন; উক্ত প্রতিষ্ঠানে আলমগীর নামে একজন কর্মচারী আছে জেনে পথচারী বা অন্য কাউকে দিয়ে 'আলমগীর' নামে ব্যাকডেটে জারীকৃত কারণ দর্শানো নোটিশসমূহ স্বাক্ষর করান এবং মোহাম্মদপুর মূসক বিভাগীয় দপ্তর থেকে সদর দপ্তরে বদলি করা হলে তিনি যথাসময়ে দায়িত্ব হস্তান্তর ও দায়িত্ব গ্রহণ করেননি এবং ডাকযোগে দায়িত্ব হস্তান্তর ও গ্রহণপত্র প্রেরণ করেন;

০২। যেহেতু, উল্লিখিত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা,১৯৮৫ এর বিধি-৩ (বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা জারি করা হলে তিনি জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন এবং গত ২৪ মে ২০২২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় ও আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে কতিপয় অভিযোগ প্রমাণিত হয়েছে ও কতিপয় অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মন্তব্য করা হয় এবং তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে তাকে দন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হলে তিনি যথাসময়ে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং আনীত অভিযোগসমূহের বিপরীতে তথ্য/উপাত্ত/ প্রমাণক দাখিল করেন;

০৪। যেহেতু, অভিযোগনামা ও তার প্রেক্ষিতে দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানি, তদন্ত প্রতিবেদনে উপস্থাপিত সাক্ষ্য প্রমাণাদি, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবসহ সার্বিক পর্যালোচনায় দেখা যায় উপযুক্ত তথ্য প্রমাণাদি দ্বারা আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

০৫। সেহেতু, মুর্শিদা খাতুন, সহকারী কমিশনার, কাষ্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'এর অভিযোগ হতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭(১১) অনুযায়ী অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলার কার্যধারাটি নিস্পত্তি করা হলো।

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৯ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০৩ জানুয়ারী, ২০২৩ খ্রি.

**নং ১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২০-০২**—যেহেতু, শেরপুর জেলার শ্রীবরদী সাব-রেজিস্ট্রি অফিসের সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্টার জনাব আব্দুর রহমান ভূঁইয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা,২০১৮ এর বিধি ৩(ঘ) মোতাবেক 'দুর্নীতি'এর অভিযোগ আনয়নপূর্বক ০১/২০২০ নং বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, জনাব আব্দুর রহমান ভূইয়া উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণ যোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেন নি;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক জনাব আব্দুর রহমান ভূইয়া এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব আব্দুর রহমান ভূইয়াকে অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের বিপরীতে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি ; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে "বাধ্যতামূলক অবসর প্রদান" করার সিদ্ধান্তের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হলে কমিশন প্রাপ্ত সকল কাগজপত্রাদি পরীক্ষান্তে জনাব আব্দুর রহমান ভূইয়া (সাময়িক বরখাস্তকৃত), সাব-রেজিষ্টার, শ্রীবরদী, শেরপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক' অবসর প্রদানে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত গুরুদন্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

সেহেতু বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ অনুযায়ী শেরপুর জেলার শ্রীবরদী সাব-রেজিস্ট্রি অফিসের সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার জনাব আব্দুর রহমান ভূইয়া এর বিরুদ্ধে সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ঘ) মোতাবেক 'দুর্নীতি'র অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪(৩)(খ) অনুযায়ী তাকে বাধ্যতামূলক অবসর প্রদান করা হলো। এরূপ বাধ্যতামূলক অবসর প্রদানের ফলে তিনি বিধি মোতাবেক অবসর সংক্রান্ত সকল প্রকার আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ: ০৪ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১৯ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং-আর-৬/৭ এন-১৩৫/২০২২-৬৩৯**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলার আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব কে. এম. রায়হান উদ্দিন, পিতা-মৃত মোঃ আমজাদ হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পদানের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানেরতারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা ইহল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ পৌষ ১৪২৯/০৫ জানুয়ারি ২০২৩

**নং ৩৭.০০.০০০০.০৭৮.১১.০২২.১২.(অংশ-১)-০৭**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১(১) অনুযায়ী প্রফেসর ড. এম মোফাজ্জেল হোসেন, ডিন, কৃষি অনুষদ, সিটি ইউনিভার্সিটি, ঢাকা-কে ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর ভাইস চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতনভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২. জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলি**

তারিখঃ ১৩ পৌষ, ১৪২৯/ ২৮ ডিসেম্বর, ২০২২

**নং-আর-৬/৭ এন-১৩১/২০২২-৬৬৩**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলার আইনজীবি সমিতির সদস্য এডভোকেট জনাব বদরুল ইসলাম, পিতা-মৃত আব্দুস সালাম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা ইহল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করবেন।

**নং-আর-৬/৭ এন-১২৭/২০২২-৬৬২**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলার আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব রোকেয়া সুলতানা, পিতা-মৃত এ.কে. এম মঈনুল আহসান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা ইহল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করবেন।

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/১২ ডিসেম্বর ২০২২

**নং-আর-৬/৭ এন-১২৩/২০২২-৬৩৬**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলার আইনজীবি সমিতির সদস্য এডভোকেট জনাব মোহাম্মদ শিহাব উদ্দিন, পিতা-মৃত মোতাহার হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই

সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা ইহল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত: তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/১১ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৩০.০০.০০০০.০১৫.১১.০২৪.২০০৩(অংশ)-৮৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব বিশ্বজিৎ ভট্টাচার্য্য খোকন এর স্থলে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বর্তমান অতিরিক্ত সচিব জনাব কবিরুল ইজদানী খান-কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর পরিচালনা পর্যদের পরিচালক হিসেবে মনোনয়ন প্রদান করা হলো।

০২। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মঈন উদ্দিন**
উপসচিব।